গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ

বহরমপুর, রাজশাহী

## ২০২৩-২০২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ কমিটির ৪র্থ প্রান্তিকের সভার কার্যবিবরণী

১। সভাপতি ঃ জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.), বিএমডিএ, রাজশাহী

২। সভার তারিখ ঃ ১১.০৬.২০২৪ ইং

৩। সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

৪। স্থান ঃ সভাপতি মহোদয়ের কক্ষ

৫। উপস্থিতি ঃ

ক) জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী।

খ) জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী।

গ) জনাব মোহাঃ যোবায়ের হোসেন, সচিব, বিএমডিএ, রাজশাহী।

ঘ) জনাব মোঃ আতিকুর রহমান, নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী।

ঙ) জনাব মোঃ ফারুক আজম, অডিট অফিসার (ভারপ্রাপ্ত), বিএমডিএ, রাজশাহী।

৬। আলোচনা ঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নেরর বিভিন্ন দিক তুলে ধরার জন্য কমিটির সদস্য-সচিব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী-কে আহ্বান করেন। ড. মোঃ ইকবাল হোসেন ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অত:পর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। যা চলতি মাসের ৩০ তারিখের মধ্যেই ওয়েব সাইটে আপলোড করা হবে। | বিএমডিএ'র সিটিজেন চার্টার প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ অব্যহত রাখতে হবে। বিশেষ করে কোন কর্মকর্তার ডেস্ক পরিবর্তন হলে তা পরিবর্তন পূর্বক তার মোবাইল নম্বর হালনাগাদ করতে হবে এবং ওয়েব সাইটে আপলোড করতে হবে। চলতি প্রান্তিকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি পুন:গঠন করা হয়েছে। যার মধ্যে জনাব মোঃ আব্দুল লতিফ এর পরিবর্তে জনাব ড. মোঃ ইকবাল হোসেন-কে নতুনভাবে কমিটিতে সংযুক্ত করা হয়েছে। সে অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে।<br>তাছাড়া হালনাগাদের ক্ষেত্রে কর্তৃপক্ষের জারীকৃত পত্র যার স্মারক নং-৪৩০৭ তারিখ- ২৩.০৫.২০২৪ মোতাবেক পার্টিসিফিকেশন ফি উল্লেখ করে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ২। | চলতি প্রান্তিকে ফোকাল পার্সন ও বিকল্প ফোকাল পার্সন পরিবর্তন | ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সিটিজেন চার্টার এর ফোকাল পার্সন ও বিকল্প ফোকাল পার্সন পরিবর্তন করা হয়েছে যা ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | বিএমডিএ'র সিটিজেন চার্টার এর ফোকাল পার্সন ও বিকল্প ফোকাল পার্সন পরিবর্তন করে ওয়েব সাইট হালনাগাদকরণ এবং ফোকাল পার্সন পরিবর্তন সংক্রান্ত পত্র আপলোড করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তা পরবর্তীতে অব্যহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩। | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদাম প্রতিশ্রুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে গত ২৮.০৫.২০২৪ তারিখ নওগাঁ-১ রিজিয়ন দপ্তর পরিদর্শন করা হয় এবং সিটিজেন চার্টার হালনাগাকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। সেখানে দপ্তর প্রধানসহ অন্যান্য কর্মকর্তা ও নওগাঁ জোন দপ্তরের সাথে সিটিজেন চার্টার নিয়ে মত বিনিময় হয়। তাছাড়াও সংশ্লিষ্ট রিজিয়নের অধীনে সকল মাঠ পর্যায়ের সহকারী প্রকৌশলীদের নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার নিয়ে সভার করার পরামর্শ প্রদান প্রদান করা হয়। | আওতাধীন নওগাঁ-১ রিজিয়ন দপ্তরের সাথে সভা করা হয় এবং স্ব-স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>উক্ত দপ্তর প্রধানসহ অন্যান্য কর্মকর্তাগণের সাথে মত বিনিময় করার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং তা পরবর্তীতে অব্যহত রাখার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ৪। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে ১০.০৬.২০২৪ তারিখ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নিয়ে জুম প্লাটফর্মের মাধ্যমে সভা করা হয়। | আওতাধীন দপ্তর/সংস্থার সাথে জুম প্লাটফর্মের মাধ্যমে সভা করা হয় এবং স্ব-স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করার জন্য সভায় আলোচনা হয় এবং ৩০ জুন, ২০২৪ তারিখের মধ্যে স্ব-স্ব দপ্তরের দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার টাংগিয়ে রাখার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ৫। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে লক্ষ্যমাত্রানুযায়ী কাজের অগ্রগতি | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রানুযায়ী সকল কাজ অর্জন করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দেখা যায়, স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে কর্তৃপক্ষের অর্জন সম্পুর্ণ হয়েছে। যার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং পরবর্তীতে অব্যহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | জনাব ড. মোঃ ইকবাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার আহ্বায়ক মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

11/06/2024

(ড. মোঃ ইকবাল হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য-সচিব, সিসি পরিবীক্ষণ কমিটি।

(মোঃ ফারুক আজম)
অডিট অফিসার (ভারপ্রাপ্ত)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি।

(মোঃ আতিকুর রহমান)
নির্বাহী প্রকৌশলী (চ.দা.)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি।

(মোহাঃ যোবায়ের হোসেন)
সচিব
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিসি পরিবীক্ষণ কমিটি।

(মোঃ শামসুল হোদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
আহ্বায়ক, সিসি পরিবীক্ষণ কমিটি।